



স্মারক নম্বর: ৩৬.১০.০০০০.০০০.০০৪.১১.০১৪০.২৬.- ৪২৬

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩
২৪ অক্টোবর ২০২৬

নিয়োগ আদেশ

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র ১১-২০ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটির সুপারিশ মোতাবেক অপেক্ষমাণ তালিকা হতে নিম্নোক্ত প্রার্থীদেরকে এ দপ্তরের "পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী"-এর স্থায়ী পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১২ (১১,৩০০-২৭,৩০০/-) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
১।	১১০৩২৬৮	মিলন কুমার নাথ পিতা: সুনির্মল নাথ	গ্রাম: দক্ষিণ বগাচতর, ডাকঘর: কমর আলী, উপজেলা: সীতাকুন্ড, জেলা: চট্টগ্রাম।
২।	১১০১০০৯	মোঃ শাহ নেওয়াজ হুসাইন পিতা: মোঃ আব্দুল লতিফ	গ্রাম: উলাকোল, ডাকঘর: হরিদ্রাপোতা, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।


০২। শর্তাবলী:

- প্রার্থীকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতার প্রয়োজনীয় সনদপত্র চাকুরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;
- চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-তে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গণ্য হবে;
- যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন;
- শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন;
- সরকারি আদেশবলে সময় সময় যেসব পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকুরিতে স্থায়ী করা হবে না;
- পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং বেতন-ভাতা হিসেবে গৃহীত সমুদয় অর্থ ফেরৎ প্রদানে বাধ্য থাকবে;
- মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এবং প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গা কোটায় নিয়োগপ্রাপ্তদের এ সংক্রান্ত কোন বিরূপ প্রতিবেদন/তথ্য পাওয়া গেলে তাঁদের এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- মুক্তিযোদ্ধা পোষ্য বিষয় যাচাইয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে কোনরূপ বিরূপ মন্তব্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং বেতন-ভাতা হিসেবে গৃহীত সমুদয় অর্থ ফেরৎ প্রদান করতে হবে;
- প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গরমিল প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা, এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং
- এ নিয়োগ সংক্রান্ত যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সংরক্ষণ করেন।

০৩। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ০১ নভেম্বর, ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ে মহাপরিচালক, ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে যোগদান করতে হবে। নির্দিষ্ট তারিখের আগে বা পরে যোগদান করা যাবে না। যথাসময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। চাকুরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মোহাঃ নায়েব আলী

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ফোনঃ ২২৩৩৮২৮৮৩

বিতরণঃ

- ০১। জনাব মিলন কুমার নাথ, পিতা: সুনির্মল নাথ
গ্রাম: দক্ষিণ বগাচতর, ডাকঘর: কমর আলী, উপজেলা: সীতাকুন্ড, জেলা: চট্টগ্রাম।
- ০২। জনাব মোঃ শাহ নেওয়াজ হসাইন, পিতা: মোঃ আব্দুল লতিফ
গ্রাম: উলাকোল, ডাকঘর: হরিদ্রাপোতা, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।
- ০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা (অঃ দাঃ), এনপিও, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
[দৃঃ আঃ অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়]